NEUCADEMY

মোট মুদ্রিত পৃষ্ঠাসংখ্যা : ৪

২০২০ XII(12)30001-(01)-(NS)

# বাংলা

## 'ক' ভাষা

## ( নতুন পাঠক্রম )

মোট সময় : ৩ ঘণ্টা ১৫ মিনিট ] [ পূর্ণমান : ৮০

| পরীক্ষার্থীদের জন্য নির্দেশ : |
|---|
| 1. পরিমিত এবং যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। |
| 2. বর্ণাশুদ্ধি, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। |
| 3. উপান্তে প্রশ্নের পূর্ণমান সূচিত আছে। |

## PART-A

## বিভাগ – ক

( নম্বর : ৫০ )

১. অনধিক ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৫ × ১ = ৫

১.১ 'সে বুঝতে পারে সব ভাত ওরা পথে ফেলে দিতে যাচ্ছে !' — 'ওরা' বলতে কাদের বোঝানো হয়েছে ? ওরা সব ভাত ফেলে দিতে যাচ্ছিল কেন ? 'সে' কে ? বুঝতে পেরে সে কী করেছিল ? ১ + ১ + ১ + ২

১.২ 'এ অপরাধের প্রায়শ্চিত্ত কী ?' — কে, কোন্ অপরাধের প্রায়শ্চিত্তের কথা বলেছেন ? বক্তা নিজেকে অপরাধী মনে করেছেন কেন ? ১ + ২ + ২

২. অনধিক ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৫ × ১ = ৫

২.১ 'এসেছে সে ভোরের আলোয় নেমে' — সেই ভোরের বর্ণনা দাও। 'সে' ভোরের আলোয় নেমে আসার পর কী কী ঘটল, লেখো। ৩ + ২

২.২ 'অবসন্ন মানুষের শরীরে দেখি ধুলোর কলঙ্ক' — এখানে কোন্ মানুষদের কথা বলা হয়েছে ? তাঁরা অবসন্ন কেন ? 'ধুলোর কলঙ্ক' বলতে কবি কী বুঝিয়েছেন ? ১ + ২ + ২

৩. অনধিক ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৫ × ১ = ৫

৩.১ 'এমনি সময় হঠাৎই এক সাহেবের লেখা পড়লাম।' — 'এমনি সময়' বলতে কোন্ পরিস্থিতির কথা বলা হয়েছে ? সাহেবের নাম কী ? তিনি কী লিখেছিলেন ? ২ + ১ + ২



https://neucademy.com/

৩.২ 'নানা রঙের দিন' নাটকের সূচনায় মঞ্চসজ্জার যে বর্ণনা আছে, তা নিজের ভাষায় লেখো। নাটকটির নামকরণ কতখানি সার্থক — তা আলোচনা করো। ২ + ৩

৪. অনধিক ১৫০ শব্দে যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ৫ × ১ = ৫

৪.১ 'স্পেনের ফিলিপ কেঁদেছিল খুব। আর কেউ কাঁদেনি ?' উদ্ধৃতাংশটি যে কবিতার অন্তর্গত, সেই কবিতায় আর কোন্ কোন্ শাসকের নাম আছে ? 'ফিলিপ' কেঁদেছিলেন কেন ? 'আর কেউ কাঁদেনি ?' — বলাতে বক্তা কী বোঝাতে চেয়েছেন ? ২ + ১ + ২

৪.২ 'হঠাৎ শিখা মর্দানার জল তেষ্টা পেল।' — তেষ্টা মেটানোর জন্য মর্দানাকে কী করতে হয়েছিল ? তাঁর তেষ্টা শেষ অবধি কীভাবে মিটেছিল ? ৩ + ২

৫. অনধিক ১৫০ শব্দে যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ৫ × ১ = ৫

৫.১ 'এত ফসল, এত প্রাচুর্য — তবু কিন্তু মানুষগুলোর দিকে তাকালে মনে হয় জীবনে তাদের শান্তি নেই।' — মানুষগুলোর জীবনযাত্রার পরিচয় দাও। তাদের জীবনে শান্তি নেই কেন ? ৩ + ২

৫.২ "মেঘের গায়ে জেলখানা" রচনা অবলম্বনে সাধুচরণ ও মুস্তাফার জীবনকাহিনি বর্ণনা করো। ৩ + ২

৬. অনধিক ১৫০ শব্দে যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ৫ × ১ = ৫

৬.১ উদাহরণসহ 'ধ্বনিমূল' ও 'সহধ্বনি'-র সম্পর্ক বুঝিয়ে দাও। ৫

৬.২ 'শব্দার্থের পরিবর্তন' বলতে কী বোঝো ? উদাহরণসহ 'শব্দার্থের সংকোচ' ও 'শব্দার্থের প্রসার' সম্বন্ধে আলোচনা করো। ১ + ২ + ২

অথবা

'রূপমূল' কাকে বলে ? উদাহরণসহ 'স্বাধীন' ও 'পরাধীন' রূপমূল-এর পরিচয় দাও। ১ + ২ + ২

৭. অনধিক ১৫০ শব্দে যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ৫ × ২ = ১০

৭.১ বাংলা সংগীত জগতে গায়ক ও সুরকার রূপে হেমন্ত মুখোপাধ্যায় **অথবা** মান্না দের স্থান নিরূপণ করো। ৫

৭.২ বাঙালির কুস্তিচর্চার ইতিহাসের সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫

৭.৩ বাঙালির বিজ্ঞান-সাধনায় সত্যেন্দ্রনাথ বসুর অবদান আলোচনা করো। ৫

৭.৪ 'পট' বলতে কী বোঝানো হয় ? এই শিল্পধারাটির একটি পরিচয়মূলক বিবৃতি প্রস্তুত করো। ৫

৮. নিম্নলিখিত যে-কোনো একটি বিষয় নির্বাচন করে, নির্দেশানুসারে কমবেশি ৪০০ শব্দে একটি প্রবন্ধ রচনা করো : ১০ × ১ = ১০

৮.১ নিম্নে প্রদত্ত মানস-মানচিত্র অবলম্বনে একটি প্রবন্ধ রচনা করো :




৮.২ প্রদত্ত অনুচ্ছেদটিকে প্রস্তাবনা বা ভূমিকাস্বরূপ গ্রহণ করে বিষয়ের গভীরে প্রবেশ করে, পরিণতি দানের মাধ্যমে একটি পূর্ণাঙ্গ প্রবন্ধ রচনা করো :

**শুভ উৎসব**

আমাদের উৎসবে অন্তরেরই প্রথম প্রতিষ্ঠা। সমারোহসহকারে আমোদপ্রমোদ করায় আমাদের উৎসব কিছুমাত্র চরিতার্থ হয় না। উৎসবের মধ্যে আন্তরিক প্রসন্নতা ও শুভেচ্ছাটুকু না থাকলেই নয়। উৎসব-প্রাঙ্গণ থেকে সামান্য ভিক্ষুকও যদি ম্লান মুখে ফিরে যায়, উৎসব ব্যর্থ হয়। যে কোনো ধর্মেরই উৎসব হোক না কেন, যাত্রা হোক, কথকতা হোক, রামায়ণ গান হোক, চণ্ডীপাঠ হোক, যখন যা হয়, উন্মুক্ত গৃহপ্রাঙ্গণে এসে সর্বসাধারণ যদি তাতে অকাতরে যোগদান করেন, তবেই চিত্তের প্রশান্তি। উৎসবের পূর্ণতা।

৮.৩ প্রতিপক্ষের যুক্তির দুর্বলতা প্রমাণ করে স্বপক্ষে যুক্তিবিন্যাস করে প্রবন্ধ রচনা করো :

বিতর্কের বিষয় : **'ফেসবুক আশীর্বাদ'**

পক্ষে : পৃথিবী নিকট হয়েছে। জ্ঞানচর্চায় অভূতপূর্ব অগ্রগতি সম্ভব হয়েছে। ব্যক্তিগত প্রচারমাধ্যম হওয়ায়, প্রত্যেকেই তার সৃষ্টিকে প্রকাশ করবার আনন্দ লাভ করছেন। সমাজে গতিশীলতা এসেছে। সংবাদ মাধ্যমের অপেক্ষা অনেক দ্রুত দেশ ও বিদেশের ব্যক্তিগত ও সমাজগত সংবাদ প্রেরণ করা সম্ভব হয়েছে। দেশ-বিদেশের সমমনা ও সহমর্মী মানুষেরা নিকট হতে পেরেছেন। মানুষকে আর 'একা'-র অবজ্ঞায় থাকতে হচ্ছে না।

বিপক্ষে : ভুয়ো তথ্য, ভুয়ো তত্ত্বে দেশ আচ্ছন্ন, পৃথিবী পরিব্যাপ্ত হচ্ছে। মানুষের একান্ত ব্যক্তি-জীবনকে 'একা' রাখার অভ্যাস চলে যাচ্ছে। ফেসবুকের ব্যক্তিবিজ্ঞাপন প্রকাশ্য হয়ে, অন্যের মনে অবসাদ জন্ম দিচ্ছে। প্রমাণহীন নিন্দা, শ্লেষে মানুষ মানুষের প্রতি হিংসার মনোভাব নিয়ে ব্যস্ত হয়ে যাচ্ছেন। পড়াশুনোর মনোযোগ নষ্ট হয়ে, সব বিষয়েই অল্প অল্প জানার রীতি তৈরি হয়ে যাচ্ছে। সমস্ত সময়ে এইদিকে মনোযোগ, স্বাস্থ্যেও বিরূপ প্রতিক্রিয়া ঘটাতে পারে।

XII(12)30001-(01)-(NS)

**BEFORE ATTEMPTING THE QUESTIONS READ INSTRUCTIONS CAREFULLY.**

**পরীক্ষার্থীদের প্রতি নির্দেশাবলী :**

১. পরীক্ষার্থীরা সংসদের দেওয়া প্রবেশপত্র অনুসারে প্রশ্নসহ উত্তর পুস্তিকার ওপর তাদের পূর্ণ নাম, রোল নম্বর এবং রেজিস্ট্রেশন নম্বর লিখবে ( ভুল লিখলে উত্তর পুস্তিকাটি বাতিল বলে গণ্য হতে পারে )। প্রশ্নসহ উত্তর পুস্তিকার নির্দিষ্ট জায়গায় পরীক্ষাকেন্দ্র তত্ত্বাবধায়কের স্বাক্ষর করিয়ে নেওয়া বাঞ্ছনীয়।

২. বহুবিকল্পভিত্তিক প্রশ্নাবলির প্রতিটি প্রশ্নের ডানদিকে একটি বাক্স দেওয়া আছে, তার মধ্যে সঠিক বিকল্পটি ( ক, খ, গ অথবা ঘ ) লিখতে হবে। সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্নাবলির ( ১ নম্বরের ) প্রতিটি প্রশ্নের নীচে প্রদত্ত উত্তর লেখার জন্য নির্দিষ্ট স্থানের মধ্যেই উত্তর দিতে হবে, অন্যত্র নয়।

৩. **পরীক্ষা শেষ হলে মূল উত্তরপত্রের সাথে এই প্রশ্নসহ উত্তর পুস্তিকাটি অবশ্যই জুড়ে দিতে হবে।**

১. ঠিক বিকল্পটি নির্বাচন করো : ১ × ১৮ = ১৮

১.১ রূপমূল পরিবারে 'রূপ'-এর 'বিকল্প'কে বলা হয় —

(ক) স্বাধীন রূপমূল (খ) পরাধীন রূপমূল

(গ) সহরূপ (ঘ) বদ্ধ রূপমূল। ☐

১.২ 'তুমি নির্মল করো মঙ্গল করে' — গানটির রচয়িতা —

(ক) অতুল প্রসাদ সেন (খ) রজনীকান্ত সেন

(গ) দ্বিজেন্দ্রলাল রায় (ঘ) কাজী নজরুল ইসলাম। ☐

১.৩ হাসান আব্দালের বর্তমান নাম —

(ক) হাসান সাহেব (খ) পাঞ্জা সাহেব

(গ) নানা সাহেব (ঘ) বলী সাহেব। ☐

অথবা

ব্যাবিলন বিখ্যাত ছিল যে কারণে —

(ক) শূন্য মাঠ (খ) শূন্য পুরী

(গ) শূন্য মরুভূমি (ঘ) শূন্য উদ্যান। ☐

১.৪ 'হাসির খোরাক, পপুলার জিনিসের খোরাক' — কোথায় পাওয়া যাবে ?

(ক) ঘরে (খ) বাইরে

(গ) মাঠে (ঘ) ঘাটে। ☐

অথবা



https://neucademy.com/

১.১৩ 'A horse ! A horse ! My kingdom for a horse'
— উদ্ধৃত সংলাপটি কোন্ নাটক থেকে গৃহীত হয়েছে ?

(ক) ম্যাকবেথ (খ) ওথেলো
(গ) রিচার্ড দ্য থার্ড (ঘ) জুলিয়াস সিজার।

অথবা

'লভ সিন'-এ কোন্ বাদ্যযন্ত্রের ব্যবহার হয়েছিল ?

(ক) বেহালা (খ) সেতার
(গ) গীটার (ঘ) হারমোনিয়াম।

১.১৪ কাবুকি থিয়েটার কোন্ দেশের ?

(ক) মার্কিন যুক্তরাষ্ট্র (খ) ভিয়েতনাম
(গ) জাপান (ঘ) রাশিয়া।

অথবা

'অদৃষ্ট তো মানেন আপনি' — সংলাপটির বক্তা কে ?

(ক) অমর গাঙ্গুলি (খ) রজনী চাটুজ্জে
(গ) কালীনাথ সেন (ঘ) শম্ভু মিত্র।

১.১৫ 'দেহ চায়' — দেহ কী চায় ?

(ক) গাছ (খ) সবুজ গাছ
(গ) বাগান (ঘ) সবুজ বাগান।

১.১৬ 'ময়ূরের সবুজনীল ডানার মত ঝিলমিল করছে' —

(ক) বন ও আকাশ (খ) আকাশ ও মাঠ
(গ) মাঠ ও বন (ঘ) সুন্দরীর বন ও অর্জুনের বন।

১.১৭ 'বাবুরা খায়' — বাবুরা কী খায় ?

(ক) নানাবিধ চাল (খ) নানাবিধ ফল
(গ) নানাবিধ পানীয় (ঘ) নানাবিধ শাক।

১.১৮ 'বাসিনী বাগ্যতা করি তোর' — বক্তা কে ?

(ক) সেজো বউ (খ) উচ্ছব
(গ) হরিচরণ (ঘ) বড়ো পিসিমা।



https://neucademy.com/

NEUCADEMY



২. অনধিক ২০টি শব্দে প্রশ্নগুলির উত্তর দাও : ১ × ১২ = ১২

২.১ 'থিসরাস' কাকে বলে ? একটি বাংলা থিসরাসের উদাহরণ দাও।

উত্তর :

অথবা

'প্রয়োগতত্ত্ব' কাকে বলে ? সংক্ষিপ্ত উদাহরণ দাও।

উত্তর :

২.২ 'গুচ্ছধ্বনি' কাকে বলে ?

উত্তর :

২.৩ 'শৈলীবিজ্ঞান' কাকে বলে ?

উত্তর :

২.৪ 'রাজারা কি পাথর ঘাড়ে করে আনত ?' — কারা পাথর আনার শ্রম দিত ও কাদের খ্যাতি হত ?

উত্তর :

অথবা

'আমি কৌতূহলী হয়ে উঠি' — বক্তা কোন্ বিষয়ে কৌতূহলী হন ?

উত্তর :



https://neucademy.com/

NEUCADEMY



২.৫ 'নানা রঙের দিন'-এর 'চরিত্রলিপি' বয়সসহ উল্লেখ করো।

উত্তর :

অথবা

'সে লড়াই সত্যিকার তলোয়ার দিয়ে ঝনঝন করে বাস্তব লড়াই নয়।' — শুধু ভঙ্গির মাধ্যমে লড়াইতে কীভাবে একজন মারা যাবে ?

উত্তর :

২.৬ 'তাই অনেক ভেবে চিন্তে আমরা একটা প্যাঁচ বের করেছি' — প্যাঁচটির পরিচয় দাও।

উত্তর :

অথবা

'মরে যাব তবু ভুলব না' — কে, কী ভুলবে না ?

উত্তর :

২.৭ 'ক্রন্দনরতা জননীর পাশে' থাকতে না পারলে কবির কী মনে হবে ?

উত্তর :



https://neucademy.com/

NEUCADEMY



২.৮ 'জেগে উঠিলাম' — কবি কোথায় কীভাবে জেগে উঠলেন ?

উত্তর :

২.৯ 'আমি দেখি' কবিতায় নিজের উজ্জীবনীশক্তি কীভাবে কবি প্রকৃতির মধ্যে খুঁজতে চেয়েছেন ?

উত্তর :

২.১০ কবি কাকে 'শীতের দুঃস্বপ্ন' বলেছেন ?

উত্তর :

২.১১ কী জন্য 'হুতাশে' 'সেদিন' কতটা কাঠ কেটেছিল উচ্ছব ?

উত্তর :

২.১২ 'মৃত্যুঞ্জয় শোনে কিন্তু তার চোখ দেখেই টের পাওয়া যায়' — কী টের পাওয়া যায় ?

উত্তর :

=============



https://neucademy.com/

NEUCADEMY



[ Extra page for correction, if any ]



https://neucademy.com/